

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের উদ্যোগে

রাজ্যভিত্তিক আন্তঃ কলেজ ও বিশ্ববিদ্যালয় বিজ্ঞান নাটক প্রতিযোগিতা ২০১৪-১৫

১৯-২১শে জানুয়ারী, ২০১৫ ইং

আয়োজন ও ব্যবস্থাপনায় : ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা

তথ্যাদি ও আবশ্যিক নিয়মাবলী

- নাম নথীভুক্তকরণ :** প্রতিযোগিতায় অংশগ্রহনকারী প্রতিটি দলকে নাটক মঞ্চস্থ করার অন্ততঃ ১ঘন্টা আগে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধক কিংবা অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত শংসাপত্র দেখিয়ে নাম নথীভুক্ত করতে হবে।
- নাটকের বিষয়বস্তু :** নাটকের বিষয়বস্তু অবশ্যই বিজ্ঞান সম্পর্কিত হতে হবে। কোন আবিষ্কার কিংবা উদ্ভাবনের কাহিনী এবং সামাজিক প্রয়োগে তার প্রভাব, কোন বিজ্ঞানির সত্য অনুসন্ধান ও সত্য প্রতিষ্ঠার কাহিনী, বিজ্ঞানের বার্তা প্রচার, কুসংস্কার কিংবা ভ্রান্তধারণা নিরসনের উদ্যোগ ইত্যাদি নাটকের বিষয়বস্তু হতে পারে।
- যোগ্যতাবলী :** রাজ্যের বিশ্ববিদ্যালয়, সাধারণ অথবা কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক, স্নাতকোত্তর এবং আই.টি.আই ও পলিটেকনিক ইনস্টিটিউটে পাঠরত ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবে।
১. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাত্র একটি দল অংশগ্রহনের সুযোগ পাবে।
 ২. একটি দলে সর্বাধিক ৮ জন শিল্পী ও ৩ জন সহকারী থাকতে পারবে।
 ৩. প্রতিটি নাটকের সময় ন্যূনতম ২৫ মিনিট ও অনধিক ৩০মিনিট।
 ৪. অংশগ্রহনকারী দলের প্রতিটি সদস্য/সদস্যকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধক কিংবা অধ্যক্ষের স্বাক্ষরযুক্ত পরিচয়পত্র নিয়ে আসতে হবে।
- সারাংশ :** প্রতিটি দলকে আগামী ৫ই জানুয়ারী, ২০১৫ইং তারিখের মধ্যে নাটকের সারাংশ, শিল্পীদের নাম, তাদের নাম ভূমিকা ও প্রদর্শকের নাম সম্বলিত তথ্যাদি আয়োজক কমিটির (ই-মেইলঃ partha.sarkar@iutripura.edu.in) কাছে পাঠাতে হবে এবং বিশদ জানতে ফোন করুন (৯৮৫৬০৩৪৯২৯/ ৯৮৬২৩৯৭০২৪/ ৯৮৬২২০৬০৮৪)।
- পাভুলিপি :** A-4 কাগজে টাইপ করা পাভুলিপির একটি প্রতিলিপি নাটক মঞ্চায়নের আগে আয়োজক কমিটির কাছে জমা দিতে হবে।
- মঞ্চসজ্জা :**
১. মঞ্চ প্রস্তুতির জন্য প্রতিটি দলকে নাটক শুরুর আগে ১০ মিনিট এবং মঞ্চ খালি করার জন্য নাটক শেষে ৫ মিনিট সময় দেওয়া হবে। প্রতিটি দলকে এই নিয়ম অবশ্যই যথাযথ ভাবে পালন করতে হবে।
 ২. নাটকের প্রয়োজনীয় সবধরণের জিনিস সংশ্লিষ্ট দলকে নিয়ে আসতে হবে। সাধারণ আলো ও স্বরবর্ধক যন্ত্রের ব্যবস্থা থাকবে। অতিরিক্ত কোন যন্ত্রাদি বা উপকরণ সরবরাহের জন্য আয়োজক কমিটি দায়বদ্ধ থাকবে না।
- থাকার ব্যবস্থা :** দূরবর্তী মহকুমা থেকে আগত অংশগ্রহনকারী দলগুলোর জন্য থাকার ব্যবস্থা করা হবে। তবে প্রত্যেককে শীতবস্ত্র ও বিছানাপত্র নিয়ে আসতে হবে।
- পুরস্কার :** প্রতিযোগিতায় অংশগ্রহনকারী সবক'টি দলকে শংসাপত্র দেওয়া হবে। এছাড়া ভাল অভিনয় ভাল প্রযোজনা, ভাল পাভুলিপি এবং নির্দেশনার জন্য পুরস্কার দেওয়া হবে।
- অনুষ্ঠানসূচী :** প্রতিযোগিতার সূচী ইকফাই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iutripura.edu.in) পাওয়া যাবে।